



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/কিশোরগঞ্জ-৫৫/ ২৪/২৬/১৮

তারিখঃ ২২.০২.২০১৮খ্রিঃ


বিষয়ঃ কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ জেলার করিমগঞ্জ উপজেলাধীন নিয়ামতপুর আলিম মাদ্রাসার অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) কর্তৃক নির্বাচিত কমিটি অনুমোদনের জন্য মোকদ্দমা নং- ১৯২/২০১৬ সন এর কাগজপত্রসহ আবেদনপত্র দাখিল করেছেন। দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে অত্র বোর্ডে রক্ষিত মাদ্রাসা সংক্রান্ত সংশ্লিষ্ট নথিটি পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে দেখা যায় যে, অনুমোদনের জন্য প্রস্তাবিত কমিটি বিধি সম্মতভাবে না হওয়ায় কমিটি অনুমোদন দেওয়া হয় নাই ফলে এডহক কমিটি গঠনের অনুমতি চেয়ে আবেদন করার জন্য পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) জনাব মোঃ মজিবুর রহমান ৩১/১০/২০১৬খ্রিঃ তারিখে স্বাক্ষরিত আবেদন ০১/১১/২০১৬খ্রিঃ তারিখে প্রয়োজনীয় ফিসহ বোর্ডে কাগজপত্রসহ দাখিল করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে গত ১৪/১১/২০১৬খ্রিঃ তারিখে এডহক কমিটি গঠনের অনুমতি দেওয়া হয়। উক্ত অনুমতি প্রাপ্তির পর পূর্নাঙ্গ এডহক কমিটি গঠনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ ভারপ্রাপ্ত অধ্যক্ষ করেছেন মর্মে প্রতীয়মান হয় না।

ভারপ্রাপ্ত অধ্যক্ষ দীর্ঘদিন পূর্নাঙ্গ এডহক কমিটি গঠনের উদ্যোগ না নিয়ে পুনরায় ২৫/১০/২০১৭খ্রিঃ তারিখে ইতোপূর্বে যে কমিটির অনুমোদন দেওয়া হয় নাই। সেই কমিটির অনুমোদন চেয়ে এই মর্মে আবেদন করেন যে, বিজ্ঞ আদালত কর্তৃক নির্বাচিত কমিটিকে বৈধ বলে সিদ্ধান্ত দেন। বর্ণনা মোতাবেক সংযুক্ত বিজ্ঞ আদালত কর্তৃক মোকদ্দমা নং- ১৯২/২০১৬ (অন্য প্রকার) এ প্রদত্ত ১৪/০২/২০১৭, ০৪/০৯/২০১৭ তারিখ ও মোকদ্দমার আরজি পর্যালোচনা করে দেখা যায়, বিজ্ঞ আদালত উল্লিখিত তারিখদ্বয়ের আদেশে নিষেধাজ্ঞার দরখাস্ত না মঞ্জুর ও বাদী পক্ষের অনুপস্থিত জনিত কারনে খারিজ করেন। মামলাটি ম্যানেজিং কমিটি গঠনে অনিয়মের অভিযোগে, মামলাটিতে ম্যানেজিং কমিটি গঠনে অনিয়ম গুনাগুনের ভিত্তিতে নিষ্পত্তি হয় নাই অথবা অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) কর্তৃক দাবী মতে নির্বাচিত কমিটিকে বৈধ বলে সিদ্ধান্ত প্রদান করেন নাই।

বর্ণিত অবস্থায় এডহক কমিটি গঠনের অনুমতি নেওয়ার পর দীর্ঘদিন যাবৎ এডহক কমিটি অনুমোদনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ না নেওয়ায় ও বিজ্ঞ আদালত কর্তৃক নির্বাচিত কমিটিকে বৈধ বলে অসত্য ও বিভ্রান্তিকর তথ্য দাখিল করার জন্য তঁার বিরুদ্ধে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান ৪৬(৬) মোতাবেক তঁার বেতন-ভাতা বাবদ সরকারি অনুদান স্থগিতের সুপারিশসহ কেন প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে না সে বিষয়ে পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


20-02-18

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), নিয়ামতপুর আলিম মাদ্রাসা, করিমগঞ্জ, কিশোরগঞ্জ।

নং-বামাশিবো/প্রশাসন/কিশোরগঞ্জ-৫৫/ ২৪/২৬/১৮

তারিখঃ ২২.০২.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
২. জেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
৪. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।


২২/২/১৮

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪